ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩১৫

আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক ন্যায় স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাকক্ষে সম্প্রতি জিলা পরিষদের সামাজিক ন্যায় স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উক্ত স্থায়ী কমিটির সভানেত্রী খুশবু দেববর্মা মহালানবিশ। সভায় পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীল সহ স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

সভায় জেলা কল্যাণ আধিকারিক জানান, তপশিলি জাতি ও তপশিলি জনজাতি ছাত্রছাত্রীদের প্রিমেট্রিক এবং মেরিট স্কলারশিপ এর আবেদনপত্র জমা পড়ছে এবং আগামী নভেম্বর মাসের মধ্যে এই প্রক্রিয়া সম্পন্ন হবে। সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, পশ্চিম জেলায় আরও ১৪৭৫ জনকে বিভিন্ন প্রকল্পে ভাতা দেওয়ার অনুমোদন দেওয়া হয়েছে।

******